**SATISH CHANDRA MEMORIAL SCHOOL**

**PERIODIC TEST- I / PREMID EXAMINATION (2026-27)**

**CLASS - IV**

**BENGALI**

**Time Allowed : 1 hr 30 min.** **Maximum Marks - 40**

## বিভাগ - ক

**১)ক) নিচের অনুচ্ছেদ গুলি পড়ে সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো :(কেস স্টাডি)** **১x১০=১০**

রবীন্দ্রনাথ ঠাকুর-এর "ছুটি" গল্পের প্রধান চরিত্র ছিল ফটিক। সে গ্রামে খুব দুষ্টুমি করত এবং বন্ধুদের সঙ্গে খেলাধুলা করতে ভালোবাসত। একদিন ফটিক ও তার বন্ধুরা একটি বড় গাছের গুঁড়ি গড়িয়ে নিয়ে যাওয়ার পরিকল্পনা করল। ফটিকের ছোট ভাই মাখন সেই গুঁড়ির ওপর বসে ছিল। ফটিক তাকে সরে যেতে বললেও মাখন উঠল না। পরে গুঁড়ি গড়াতে গিয়ে মাখন পড়ে যায় এবং বাড়িতে গিয়ে মায়ের কাছে নালিশ করে।

ফটিকের মা রেগে গিয়ে তাকে বকাবকি করেন। কিছুদিন পরে ফটিক তার মামার সঙ্গে কলকাতায় পড়তে যায়। কিন্তু শহরের পরিবেশ তার ভালো লাগত না। সেখানে সে বন্ধুদের সঙ্গে খেলতে পারত না এবং খুব একা অনুভব করত। পড়াশোনায়ও তার মন বসত না। একদিন সে স্কুলের বই হারিয়ে ফেলে এবং খুব ভয় পায়। ধীরে ধীরে সে অসুস্থ হয়ে পড়ে।

অসুস্থ অবস্থায় ফটিক বারবার গ্রামের কথা মনে করত। সে নিজের বাড়ি, মাঠ, নদী আর বন্ধুদের কাছে ফিরে যেতে চাইত। তার মুখে শুধু একটাই কথা ছিল—"ছুটি কবে হবে?" গল্পটি আমাদের শেখায় যে ভালোবাসা, স্বাধীনতা ও আপন পরিবেশ মানুষের জীবনে খুব গুরুত্বপূর্ণ।

i) ফটিকের মা রেগে গিয়েছিলেন কেন ?

ফটিক পড়ে গিয়েছিল বলে / পাড়ার ছেলে পড়ে গিয়েছিল বলে / মাখন পড়ে গিয়েছিল বলে / মাখন গুঁড়ি থেকে পড়ে গিয়েছিল বলে ।

ii) "ধীরে ধীরে সে অসুস্থ হয়ে পড়ে"- ধীরে ধীরে কে অসুস্থ হয়ে পড়েছিল?

মাখন / ফটিক / অর্ণব / পূজা ।

iii) মাখন কেন পড়ে গিয়েছিল?

সে দৌড়াচ্ছিল / সে গাছে উঠেছিল / গুঁড়ির ওপর বসে ছিল এবং গুঁড়ি গড়ানো হয়েছিল / সে নদীতে নেমেছিল।

iv) মন্তব্য : কলকাতায় ফটিকের মন ভালো থাকত না।

কারণ : সেখানে সে গ্রামের মতো স্বাধীনভাবে খেলতে পারত।

মন্তব্য ঠিক কারণ ভুল / মন্তব্য ও কারণ উভয়ই ঠিক / মন্তব্য ভুল কারণ ঠিক / মন্তব্য ও কারণ উভয়ই ভুল।

v)মন্তব্য : গল্পটি মানুষের জীবনে ভালোবাসার গুরুত্ব বোঝায়।

কারণ : আপনজন ও নিজের পরিবেশ মানুষকে সুখী রাখে।

মন্তব্য ঠিক কারণ ভুল / মন্তব্য ও কারণ উভয়ই ঠিক / মন্তব্য ভুল কারণ ঠিক / মন্তব্য ও কারণ উভয়ই ভুল।

খ) গ্রামের মাঝখানে একটি বড় আমগাছ ছিল। গাছটি অনেক পুরোনো হলেও সবার খুব প্রিয় ছিল। দুপুরবেলা গ্রামের মানুষ তার ছায়ায় বসে বিশ্রাম নিত। পাখিরা গাছে বাসা বানাত এবং শিশুরা গাছের নিচে খেলাধুলা করত।

একদিন কয়েকজন লোক গাছটি কেটে ফেলার কথা বলল। তারা সেখানে একটি দোকান তৈরি করতে চেয়েছিল। গ্রামের অনেক মানুষ এতে দুঃখ পেল। গ্রামের এক ছোট ছেলে বলল, "এই গাছ আমাদের ছায়া দেয়, ফল দেয় এবং পাখিদের আশ্রয় দেয়। গাছ কেটে ফেললে পরিবেশের ক্ষতি হবে।"

ছেলেটির কথা শুনে গ্রামের সবাই ভাবতে শুরু করল। শেষে তারা সিদ্ধান্ত নিল, গাছটি কাটা হবে না। বরং গাছের চারপাশ পরিষ্কার রাখা হবে এবং আরও নতুন গাছ লাগানো হবে। সবাই খুব আনন্দ পেল। পাখিরাও যেন আরও জোরে ডাকতে লাগল।

i)ছোট ছেলেটির কথায় কোন গুণের পরিচয় পাওয়া যায় ?

অলসতা / রাগ / স্বার্থপরতা / সাহস ও পরিবেশ সচেতনতা।

ii)মানুষ গাছের নিচে কী করত?

পড়াশোনা করত / বিশ্রাম নিত / রান্না করত / ছবি আঁকত ।

iii)মন্তব্য : গাছ পরিবেশের জন্য গুরুত্বপূর্ণ।

কারণ : গাছ ছায়া, ফল ও পাখিদের আশ্রয় দেয়।

মন্তব্য ঠিক কারণ ভুল / মন্তব্য ও কারণ উভয়ই ঠিক / মন্তব্য ভুল কারণ ঠিক / মন্তব্য ও কারণ উভয়ই ভুল।

iv ) গ্রামের মানুষ শেষে কী সিদ্ধান্ত নিল?

গাছ কেটে ফেলবে / গাছ বিক্রি করবে / গাছটি রেখে আরও গাছ লাগাবে / গাছের নিচে দোকান বানাবে ।

v)মন্তব্য : গ্রামের মানুষ সঠিক সিদ্ধান্ত নিয়েছিল।

কারণ : তারা পরিবেশ রক্ষা করার কথা ভাবেনি।

মন্তব্য ঠিক কারণ ভুল / মন্তব্য ও কারণ উভয়ই ঠিক / মন্তব্য ভুল কারণ ঠিক / মন্তব্য ও কারণ উভয়ই ভুল।

## বিভাগ - খ

**২) নিচের প্রশ্নগুলি থেকে সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো :- (ব্যাকরণ) ১x১০=১০**

ক) 'ঈ' ও 'ঊ' কোন ধরনের স্বরবর্ণ?

মৌলিক স্বর / আনুনাসিক স্বর / হ্রস্ব স্বর / দীর্ঘ স্বর।

খ) আনুনাসিক বর্ণ উচ্চারণের সময় বাতাস কোথা দিয়ে বের হয়?

মুখ দিয়ে / নাক দিয়ে / গলা দিয়ে / কণ্ঠ দিয়ে ।

গ) 'জ্ঞ' কোন ধরনের ব্যঞ্জনবর্ণ?

অযোগবাহ বর্ণ / যুক্তবর্ণ / স্পর্শবর্ণ / অন্তঃস্থ বর্ণ।

ঘ) নিচের বাক্যটিতে কোন শব্দটির বানান ভুল আছে?

কৃষিকাজই গ্রামের অধিকাংশ মানুষের জিবিকা।

কৃষিকাজ / গ্রামের / মানুষ / জিবিকা ।

ঙ) বিভক্তি যুক্ত শব্দকে কি বলে?

বর্ণ / শব্দ / পদ / বাক্য।

চ) "মাঠে ছেলেরা ফুটবল খেলছে।"

বাক্যটির মধ্যে কটি পদ আছে?

৫টি / ৪টি / ৩টি / ৬টি ।

ছ) অর্থপূর্ণ শব্দসমষ্টি যা সম্পূর্ণ ভাব প্রকাশ করে তাকে কী বলে ?

শব্দ / পদ / বাক্য / বর্ণ ।

জ) মিশরে কোন লিপি প্রচলিত ছিল ?

প্রস্তর লিপি / চিত্রলিপি / তাম্রলিপি / কীলক লিপি।

ঝ) ‘চ’ বর্ণটির উচ্চারণ স্থান অনুযায়ী নাম কী?

কণ্ঠ্যবর্ণ / তালব্যবর্ণ / দন্ত্যবর্ণ / ওষ্ঠ্যবর্ণ।

ঞ)মন্তব্য : "ই" উচ্চারণ করতে বেশি সময় লাগে।

কারণ : "ই" একটি দীর্ঘস্বর।

মন্তব্য ঠিক কারণ ভুল / মন্তব্য ও কারণ উভয়ই ঠিক / মন্তব্য ভুল কারণ ঠিক / মন্তব্য ও কারণ উভয়ই ভুল।

## বিভাগ - গ

**৩) নিচের প্রশ্নগুলি থেকে সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো : (সাহিত্য) ১x১০=১০**

ক) রাজাদেশ পেয়ে দুই ভাই কোথায় এসে পৌঁছালো?

রাজধানীতে / রাজপ্রাসাদে / রাজ বাড়িতে / রাজমন্দিরে।

খ) ভোজনবিলাসী ও শয্যাবিলাসী গল্প অনুযায়ী মোট কত রকমের খাবার সাজানো ছিল?

দুই রকমের / চার রকমের / তিন রকমের / এক রকমের।

গ)যদি কোনো ব্যক্তি কোন কাজের ক্ষেত্রে অতিরিক্ত দক্ষ হয়, তাহলে তার সুবিধা কি ?

যেকোনো কাজে অলসতা আসবে / যেকোনো কাজ সে দক্ষতার সঙ্গে করতে পারবে / কাজের প্রতি অমনোযোগী হবে / কোন কাজ করতে চাইবে না।

ঘ) “পরিমল” বলতে আমরা কি বুঝি?

সুগন্ধ / ভ্রমর / ফুল / মধু।

ঙ) মন্তব্য: বাগানে মালতী ফুল ফুটল।

কারণ: চারিদিক দুর্গন্ধে ভরে গেল।

মন্তব্য ঠিক কারণ ভুল / মন্তব্য ও কারণ উভয়ই ঠিক / মন্তব্য ভুল কারণ ঠিক / মন্তব্য ও কারণ উভয়ই ভুল।

চ) শীতল বাতাস কি জুড়িয়ে দেয়? -

মন / শরীর / মাথা / বেশ।

ছ)ভোরবেলায় তুমি দেখলে পাখিরা ডাকছে, সূর্য উঠছে এবং চারদিকে আলো ছড়িয়ে পড়ছে- প্রভাত কবিতার সঙ্গে এই দৃশ্যের কোন বিষয়টি মিল রয়েছে?

রাতের নীরবতা / সকালের প্রকৃতির সৌন্দর্য / ঝড়বৃষ্টির দৃশ্য / দুপুরের গরম আবহাওয়া।

জ)“মজার মুল্লুক” কবিতায় কবি বিভিন্ন হাস্যকর ঘটনার বর্ণনা করেছেন। এই ঘটনাগুলি দেখে পাঠকের মনে কী অনুভূতি জাগে?

ভয় / দুঃখ / হাসি ও আনন্দ / রাগ ।

ঝ) মজার দেশে ডাঙ্গায় কি চরে?

চিংড়ি / রুই কাতলা / নেংটি ইঁদুর / ঘোড়া।

ঞ) মন্তব্য : মুখে লাগাম দিয়ে ঘোড়া, লোকের পিঠে চড়ে।

কারণ : এসব কিছুই মজার দেশের ঘটনা।

মন্তব্য ঠিক কারণ ভুল / মন্তব্য ও কারণ উভয়ই ঠিক / মন্তব্য ভুল কারণ ঠিক / মন্তব্য ও কারণ উভয়ই ভুল।

**৪) যেকোনো তিনটি প্রশ্নের উত্তর লেখো: ২x৩= ৬**

ক) তোমার দৈনন্দিন জীবনে ঘটে যাওয়া মজার ঘটনা তিনটি বাক্যে লেখো।

খ) শিশির কখন পড়তে দেখা যায় এবং তা কোথায় পড়ে?

গ) গোবিন্দ ব্রাহ্মণ এর ছেলেদের মত তোমার তিনটি ভালো গুণের উল্লেখ করো।

ঘ) "সবশেষে ছোট ভাইয়ের পালা"- ছোট ভাইয়ের কি গুণ ছিল ? তাকে কি পরীক্ষা নেওয়া হয়েছিল?

## বিভাগ - ঘ

**৫) অনুচ্ছেদ রচনা লেখো: ৪x১= ৪**

ক) গ্রীষ্মকালের একটি প্রাকৃতিক দুর্যোগ ।

অথবা,

নিচের ছবিটি দেখে বর্ণনা করো -

